দৈনিক
ইনকিলাব

তারিখ ... 10 AUG 2009 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ......

# ছাত্রলীগের একটি গ্রুপের হাতে শাবি ভিসি ৭ ঘণ্টা অবরুদ্ধ

**সিলেট অফিস ও শাবি সংবাদদাতা :** বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের একাংশ কর্তৃক শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবি) ভিসি ড. সালেহ উদ্দিন আহমদ ৭ ঘণ্টা অবরুদ্ধ ছিলেন। ছাত্রলীগের অপর অংশের নেতা-কর্মীদের বিভিন্ন কর্মকাণ্ডের বিচারসহ নানা দাবীতে তারা গতকাল (রোববার) দুপুর ১টায় তাকে অবরুদ্ধ করে রাখে। ১৮ আগস্টের মধ্যে বিচার না হলে ১৯ আগস্ট থেকে লাগাতার ছাত্র ধর্মঘটের কর্মসূচী দিয়ে সন্ধ্যা সাড়ে ৭টায় ভিসিকে মুক্ত করে দেয় তারা। ছাত্রলীগের দু'গ্রুপের পাল্টাপাল্টি কর্মসূচীতে বিশ্ববিদ্যালয়ের সকল কর্মকাণ্ড স্থবির হয়ে পড়েছে।

গতকাল (রোববার) দুপুর সাড়ে ১২টায় ছাত্রলীগের আরিফ-মলয় গ্রুপের নেতৃত্বে সিলেটের মদন মোহন কলেজে ছাত্রলীগ নেতৃবৃন্দের উপর শিবির ক্যাডারদের সশস্ত্র হামলার প্রতিবাদে ক্যাম্পাসে একটি বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের গোলচত্বর থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয় গেটে গিয়ে শেষ হয়। এদিকে ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রাজু সমর্থিত (সৌমিত্র, আসাদ-মিঠু, আতিক-সুমন) গ্রুপগুলো ভিসির কাছে অভিযোগ করে আরিফ-মলয় গ্রুপের কর্মীরা ক্যাম্পাসে বহিরাগতদের নিয়ে মিছিল করেছে। এছাড়া ছাত্রলীগ নেতা মোস্তাফিজুর রহমান রাজুর ওপর হামলার সুষ্ঠু বিচার দাবী করে তারা।